

পূর্বা মুখোপাখ্যায়
রাগাঙ্ঘিকা

পরানে পরান বাঁধা, পায়ে বাঁধা ঘুঙরুর দানা
আমার সাদার নাম মওতের ঠিকানা
মেঘ হয়ে ভেসে এসে আকাশের গায়ে
মাতোয়ালি ইগদে ফোটায়...
আমার রবাব সেই ইগদের গন্ধে ভরপুর
ছ ছ করে উপচে দিল সুর
সুরে চমকালাম যত তত সুর চমকাল সে-চীজ

ইনশাল্লাহ্। শামস্-এ-তাবরিজ!

...

কোনো রক্তপাত আমি রুখে দিতে পারিনি কখনো
কোনো আর্তনাদ আমি থামাতে পারিনি কোনোদিন
আমি শুধু রক্তে রক্তে ছুঁয়ে গেছি শূন্যদেহ। আর
তোমার দু-গালে মৃদু জাফরান আলোয় জেগে আছি।
আমায় খুঁজেছ তুমি এই ঘরে? আমি প্রতি ইটে
মিশে আছি, পুড়ে পুড়ে কঠিন হওয়ারও আগে, মাটি
তুমি কি এ-জন্মে শুধে শেষ করলে এ-স্বাণের দেনা?
এ-প্রশান্ত গৃহগন্ধে দীর্ঘ স্মৃতি পালন করলে না?
মরো, মরে কাঠ হও, ফুটে ওঠো দেওয়ালে জানলাটি...

আলোয় হাওয়ায় জলে আমার অনন্ত, কাছাকাছি